

# ইসলামপুর উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২০ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস. এম. জামাল আব্দুন নাছের  
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।  
সভার তারিখ ও সময় : ১০ ডিসেম্বর, ২০২০; সকাল ১১.০০ ঘটিকা।  
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর সভার শুরুতে উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানান। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

## ১। গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

| আলোচনা  | সিদ্ধান্ত  | সিদ্ধান্ত বাস্তবায়ন                               |
|---|--|--|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

## ২। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :

| বিভাগ     | বিবরণ   | সিদ্ধান্ত  | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, ইসলামপুর           |
|-----------|---|--|---|
| স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।   | স্বাস্থ্য বিধি মেনে দাণ্ডরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।  | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, ইসলামপুর           |
| বিভাগ     | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় ১ম ও ২য় কিস্তিতে ৪৬,৮৬,০০০/- (ছয়চল্লিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ২০১৯-২০ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উদ্ধৃত টাকার পরিমাণ ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা। সুতরাং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) সর্বমোট টাকার পরিমাণ ৬৬,৮৬,০০০/- (ছয়ষট্টি লক্ষ ছিয়াশি হাজার) টাকা। উক্ত বরাদ্দকৃত টাকার কাজ বাস্তবায়নের জন্য ০৮-১২-২০২০ খ্রিঃ তারিখে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বাছাই ও সুপারিশকৃত প্রকল্পসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরও জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়) আওতায় ইসলামপুর উপজেলার বিভিন্ন রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপন (শহীদ মেজর জেনারেল খালেদ মোশারফ ব্রীজ-বগড়ারচর রাস্তা, ডেফলাপাড়া শেখ কামাল ব্রীজ -বেনুয়ারচর রাস্তা, গংগাপাড়া বাজার আমতলী বাজার ভায়া নোয়ারপাড়া রাস্তা, অন্যান্য বাজার ও স্থান) কাজের জন্য প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), মহোদয়ের স্মারক নং ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০১৯-২৪২৭ তারিখ ২১-০৬-২০২০ ইং মূলে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। জাইকা প্রকল্প বিদেশী অর্থায়নে বাস্তবায়ন হয়ে থাকে। বিদেশী অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প NOTM (± 10%) দরপত্র প্রক্রিয়ায় ঠিকাদার নির্বাচনের সুযোগ নাই।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ বাসাবাড়ি বরাদ্দ কমিটির ২৩-১১-২০২০ তারিখের সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিটির কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে উল্লিখিত বাসা বরাদ্দ বাতিল ও ভাড়া নির্ধারণের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরও জানান যে, ২০১৯-২০ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে ৪র্থ পর্যায় ইসলামপুর উপজেলা নির্বাচিত হয়েছে এবং প্রকল্প দাখিলের জন্য বলা হয়েছে। | ১। আলোচনান্তে প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ অনুমোদিত হয় এবং তা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। NOTM দরপত্র প্রক্রিয়ায় ঠিকাদার নির্বাচনের নির্দেশনা না থাকায় ১৫-০৯-২০২০ খ্রিঃ তারিখে আহ্বানকৃত দরপত্র উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির ৩০-১১-২০২০ তারিখের সভায় পুনঃদরপত্র আহ্বানের সুপারিশ অনুমোদিত ও গৃহীত হয়।<br>৩। উপজেলা বাসাবাড়ি কমিটির ২৩-১১-২০২০ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।<br>৪। ২০১৯-২০ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে ৪র্থ পর্যায় ইসলামপুর উপজেলা বাংলাদেশের মধ্যে ৬০ তম অবস্থানে নির্বাচিত হওয়ায় অতিরিক্ত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ বেশি পাওয়া গেছে এবং আগামী ২৫ জানুয়ারী ২০২১ তারিখের মধ্যেই প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ইসলামপুর, জামালপুর। ও সংশ্লিষ্ট সকল |





৩। ১৭ কমিটি সুপারিশ ও সিদ্ধান্ত গ্রহণঃ

|    |    |    |
|----|----|----|
| -- | -- | -- |
|----|----|----|

৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ

|    |    |    |
|----|----|----|
| -- | -- | -- |
|----|----|----|

৫। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ

|    |    |    |
|----|----|----|
| -- | -- | -- |
|----|----|----|

৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা :

|  |  |  |  |
|--|--|--|--|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০৮/১১/২০২০ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ৭২,২৫,৬৪২/- (বাহাত্তর লক্ষ পচিশ হাজার ছয়শত বিয়াল্লিশ) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ২৬,৬৯,৪৬৩/- (ছাব্বিশ লক্ষ উনসত্তর হাজার চারশত ত্রিষষ্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিম্নোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। |  | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |
| ক্রঃ নং  | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ  | টাকার পরিমাণ   |  |
| ০১   | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদের নভেম্বর/ ২০২০মাসের সম্মানিত প্রদান                                    | ৯৪০০০.০০   |  |
| ০২   | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর নভেম্বর ২০২০ মাসের বেতন                    | ২১৯০০.০০   |  |
| ০৩   | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০   |  |
| ০৪   | উপজেলা পরিষদ আনুষঙ্গিক ব্যয় বাবদ  | ৫০০০.০০  |  |
| ০৫   | উপজেলা পরিষদের ফটোকপি মেশিন মেরামত   | ১৩৮০০.০০   |  |

৮। বিবিধ :

|  |  |  |
|--|--|--|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ সভাকক্ষে বিভিন্ন সভা/সেমিনার/প্রশিক্ষণে ভিডিও ক্লিপ, প্রেজেন্টেশন প্রদর্শন করা প্রয়োজন হয়। এ লক্ষ্যে উপজেলা পরিষদ সভা কক্ষে একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন করা একান্ত প্রয়োজন। এ বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের সভাকক্ষটি বিভিন্ন সময়ে সরকারী, বেসরকারী দপ্তর/সংস্থা সভা/সেমিনার/প্রশিক্ষণ কাজে ব্যবহার করে থাকে। প্রতিটি অনুষ্ঠানে ভেন্যু ও অন্যান্য ভাড়া নির্ধারিত থাকলেও উপজেলা পরিষদ উক্ত রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। উপজেলা পরিষদ সভা কক্ষটি সরকারী, বেসরকারী দপ্তর/সংস্থা সভা/সেমিনার/প্রশিক্ষণ কাজে ব্যবহারের অনুমতির জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ অথবা মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর বরাবর আবেদন করবেন। এর প্রেক্ষিতে উপজেলা পরিষদ সভাকক্ষটি যার দায়িত্বে থাকবে তার নিকট অনুষ্ঠানের তারিখ ও সময় নির্ধারণ করে ভেন্যু ও অন্যান্য ভাড়া পরিশোধ করে প্রাপ্তি স্বীকার গ্রহণ করবেন। এ বিষয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়। | ১। আলোচনান্তে উপজেলা পরিষদ সভাকক্ষে মাল্টিমিডিয়া প্রজেক্টর স্থাপন বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- টাকা RFQ এর মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদ সভা কক্ষটি সরকারী, বেসরকারী দপ্তর/সংস্থা সভা/সেমিনার/প্রশিক্ষণ কাজে ব্যবহারের অনুমতির জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ অথবা মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর বরাবর আবেদন করবেন উপজেলা পরিষদ সভা কক্ষটি জনাব মোঃ সুমন মন্ডল, সি.এ টু চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর এর দায়িত্বে থাকবে। তিনি ব্যবহারকারী কর্তৃক আবেদনপত্র রেজিস্টারে লিপিবদ্ধ করে ভেন্যু ও অন্যান্য ভাড়া আদায় পূর্বক প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করবেন এবং মাসিক আদায়ের টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদে পরিষদের জীপ গাড়ীটি মেরামত করা প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জীপ গাড়ী মেরামত খাত হতে ১,০০,০০০/- টাকা ব্যয় করা  | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জীপ গাড়ী মেরামত খাত হতে ১,০০,০০০/- টাকা ব্যয় সিদ্ধান্ত  | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার   |

|   |   |                     |
|---|---|---------------------|
| প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।  | গৃহীত হয়।  | ইসলামপুর, জামালপুর। |
| গ) চেয়ারম্যান, বেলগাছা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, এ উপজেলা ভূমিহীনদের জন্য ১ম পর্যায়ে 'ক' শ্রেণীর ৮৮ টি ঘরের বরাদ্দ পাওয়া গিয়েছে এবং নির্মাণ কাজ চলমান রয়েছে। পরবর্তীতে আরও ৫৯৩ টি 'ক' শ্রেণীর ঘরের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, বেলগাছা ইউনিয়নে সিদ্দুরতলীতে ২(দুই) টি গুচ্ছগ্রাম স্থাপনের জন্য সভায় প্রস্তাব করেন। | বেলগাছা ইউনিয়নের সিদ্দুরতলী গ্রামে ২(দুই) গুচ্ছগ্রাম প্রকল্পের প্রস্তাব প্রেরণে জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।                  | সংশ্লিষ্ট সকল       |
| ঘ) চেয়ারম্যান, ইসলামপুর সদর ইউনিয়ন পরিষদ সভা জানান যে, ইসলামপুর উপজেলার আধুনিক রূপকার কর্মবীর জনাব আলহাজ্ব মোঃ ফরিদুল হক খান, এমপি, ১৩৯, জামালপুর-২ মহোদয়কে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নিযুক্ত করাই মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে সভায় ধন্যবাদ প্রস্তাব উপস্থাপন করেন।   | সর্বসম্মতিক্রমে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।   | সংশ্লিষ্ট সকল       |
| ঙ) চেয়ারম্যান, গোয়ালেরচর ইউনিয়ন পরিষদ সভায় যে, আমাদের সু-ভাগ্য যে, আমরা ইসলামপুর বাসী একজন কর্মবীরকে প্রতিমন্ত্রী হিসেবে পেয়েছি। আমরা সকলে মিলে সহযোগিতা করে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের মাধ্যমে ইসলামপুর উপজেলা আর্ন্তজাতিক মানে প্রতিষ্ঠান করতে পারি যে জন্য সকলে সহযোগিতা কামনা করা হয়।  | ইসলামপুর উপজেলা আর্ন্তজাতিক মানের প্রতিষ্ঠান স্থাপনের জন্য মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল       |
| চ) চেয়ারম্যান, সাপধরী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, সাপধরী ইউনিয়নে একটি মোবাইল নেটওয়ার্ক টাওয়ার স্থাপন করার প্রয়োজন।   | সংশ্লিষ্ট মোবাইল নেটওয়ার্ক টাওয়ার কোম্পানির সাথে যোগাযোগ করে টাওয়ার স্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।                   | সংশ্লিষ্ট সকল       |
| ছ) চেয়ারম্যান, চিনাডুলী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ১৪২৭ বাংলা সালে গুঠাইল হাট-বাজার উন্নয়ন খাত হতে নিম্নোক্ত ২(দুই) টি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>১। খলিল ডাক্তারের দোকান হতে গুঠাইল বাজারের এতিমখানা পর্যন্ত ড্রেন পরিষ্কার বাবদ ১,০০,০০০/-<br>২। গুঠাইল বাজারের বিভিন্ন স্থানে ৩(তিন) সোলার স্ট্রিট লাইট স্থাপন, ২,০০,০০০.০০                       | উক্ত প্রকল্পগুলো ২(দুই) টি প্রাক্কলন প্রস্তুত করে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।                                    | সংশ্লিষ্ট সকল       |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(এস. এম. জামাল আব্দুন নাছের)

চেয়ারম্যান

ইসলামপুর উপজেলা পরিষদ

জামালপুর।

তারিখঃ ১০ ডিসেম্বর, ২০২০

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.১৯-৭৯

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, জামালপুর।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।

৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।

৬। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।

৭। উপজেলা ..... অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।

৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।

৯। চেয়ারম্যান, ..... (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।

১০। অফিস কপি।

(এস. এম. মাজহারুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
ইসলামপুর, জামালপুর।